

আমাদের সম্পর্কে

12 বছর পূর্বে ইয়র্কশায়ার এডপশান কনসার্টিয়াম বা মিলিত সঙ্ঘ গড়ে উঠেছিল এবং যে সকল পরিবারগুলি শিশুদের দত্তক নিতে চায়, তাদের জন্য যদি তারা সুযোগ বৃদ্ধি করতে চায়, তাহলে সেক্ষেত্রে কি ধরনের পরিবার এবং শিশু তাদের কাছে আছে তা দেখার জন্য 2 বা 3টি স্থানীয় কর্তৃপক্ষ মিলিত হয়ে একটি “মতবিনিময়-কেন্দ্র” জাতীয় মিটিং-এর মাধ্যমে একটি ক্ষুদ্র প্রতিষ্ঠান হিসাবে শুরু হয়েছিল। এলাকার মধ্যে যারা দত্তক চান এমন ব্যক্তি এবং শিশুদের মধ্যে যোগসূত্রের সর্বোচ্চ বৃদ্ধি ঘটাতে উদ্যমটি ছিল একটি পথস্বরূপ। সুবিধাটি হল শিশু এবং পিতা-মাতার মধ্যে যোগাযোগের সম্ভাবনা সহজতর করার মাধ্যমে শিশুদের জন্য আঞ্চলিকভাবে স্থান করে দেওয়া। শিশুদের সংস্থাগুলির কাছাকাছি রাখলে যে অনেক সহজেই সহায়তা দেওয়া যেতে পারে সেদিকেও নজর দেওয়া হয়েছিল। কনসার্টিয়ামটি অনেক বছর ধরে গড়ে উঠেছিল এবং আঞ্চলিকভাবে স্বীকৃত দত্তক গ্রহণকারী এবং দত্তক নেওয়ার জন্য উপলব্ধ শিশুদের ডেটাবেস বা তথ্যতালিকা পরিচালনা করার জন্য, অনুসরণ করার জন্য সম্ভাব্য যোগসূত্রগুলি প্রদানে সমাজ কর্মীদের সহায়তা করার জন্য একজন সমন্বয়কারীকে নিয়োগ করার সিদ্ধান্ত 2002 সালে নেওয়া হয়েছিল।

কনসার্টিয়ামটি সমগ্র শক্তি দিয়ে কাজ করে চলেছে এবং অঞ্চলটিতে দত্তক গ্রহণ করার বিষয়ে সচেতনতার উন্নতি এবং বৃদ্ধি ঘটানোর লক্ষ্য নেয় এবং এডপশান এজেন্সিগুলি শিশুদের, সম্ভাব্য দত্তক গ্রহণকারীদের এবং দত্তক গ্রহণকারী পরিবারগুলিকে যে সকল উপায়ে সহায়তা দেয় সেগুলির মূল্যায়ন এবং উন্নতিসাধন করতে চায়। শিশুদের জন্য ফলাফলগুলির বৃদ্ধি করার লক্ষ্যে আমরা যাতে সহযোগিতার এবং অংশীদারিত্বের মাধ্যমে অন্যান্য প্রধান সংস্থাগুলির সঙ্গে কাজ করতে পারি তা সুনিশ্চিত করতে আফটার এডপশান ইয়র্কশায়ার এবং ন্যাশনাল এডপশান রেজিস্টার এবং ব্রিটিশ অ্যাসোসিয়েশন অফ এডপশান অ্যান্ড ফস্টারিং-এর সহযোগী সদস্যরা আমাদের সঙ্গে আছেন।

এশীয়দের প্রস্তুত করার প্রশিক্ষণটি কনসার্টিয়ামটির প্রধান উন্নয়ন কর্মসূচী। দলটি এশীয় দত্তক গ্রহণকারীদের বিভিন্ন গোষ্ঠীর একাধিক ভাষায় নিয়মিতরূপে প্রশিক্ষণ দিয়ে থাকে এবং সংস্কৃতিগত দিক থেকে সংবেদনশীলভাবে এবং ধর্মীয় ও সংস্কৃতিগত প্রথা মেনে প্রস্তুতির জন্য একটি সুযোগ দিয়ে থাকে। এটি সম্ভাব্য দত্তক গ্রহণকারীদের দোভাষী ব্যবহার না করে বা ভুল বোঝার ভয় থেকে মুক্ত হয়ে দত্তক গ্রহণ সংক্রান্ত সমস্যা এবং সংবেদনশীল বিষয়গুলির ব্যাপারে অর্থপূর্ণ আলোচনা করতে সহায়তা করে। লিখিত বিষয়গুলি পাঞ্জাবী, উর্দু, বাংলা এবং ফার্সী ভাষায় অনুবাদ করা হয়েছে। এর পরেও দলটি একটি আঞ্চলিক দত্তক গ্রহণ পরবর্তী সহায়তা সমাবেশ-এ পরিণত হয়েছে এবং দলটি ক্রমশ সামাজিক বিষয়গুলি এবং অনুমোদন পরবর্তী প্রশিক্ষণ-এর মাধ্যমে উন্নতির প্রক্রিয়াটিতে এগিয়ে চলেছে।

2006/07 সালে কনসার্টিয়ামটি অঞ্চলটির মধ্যে দত্তক গ্রহণকারীদের কাছে এমন 64জন শিশুকে দত্তক দিয়েছে যাদের হয়ত তাদের নিজেদের স্থানীয় গোষ্ঠীর মধ্যে স্থান দেওয়া যেত না। সংখ্যাগুলিকে তুলনামূলক বিচারের জন্য একত্র করলে এটির সঙ্গে 2003/04 সালের 24 জন শিশুকে দত্তক দেওয়ার বিষয়টির তুলনা করা যায়। সেইহেতু কনসার্টিয়ামটি যে অঞ্চলটির মধ্যে শিশুদের স্থান দেওয়ার সুযোগগুলিকে সর্বোচ্চ করে তুলেছে এবং 12 বছর পূর্বের পুরানো দিনগুলির তুলনায় যথেষ্ট বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।